

1st Senior Officials' India-France-Australia Trilateral Dialogue

September 09, 2020

ভারত-ফ্রান্স-অস্ট্রেলিয়া বরিষ্ঠ আধিকারিকদের প্রথম ত্রিপাক্ষিক বৈঠক সেপ্টেম্বর 09,2020

09 সেপ্টেম্বর 2020 তারিখে ভারত-ফ্রান্স-অস্ট্রেলিয়া বরিষ্ঠ আধিকারিকদের প্রথম ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকটিতে যৌথভাবে সভাপতিত্ব করেন ভারতের বিদেশ সচিব শ্রী হর্ষবর্দ্ধন শৃঙ্গলা, ফ্রান্সের ইউরোপ এবং বিদেশ মন্ত্রকের সেক্রেটারি জেনারেল শ্রী ফ্রাঙ্কোইস দেলাত্রে এবং অস্ট্রেলিয়ার বিদেশ মন্ত্রক ও বাণিজ্য বিভাগের সেক্রেটারি শ্রীমতি ফ্রানসেস অ্যাডামসন। আলোচনার ভরকেন্দ্র ছিল ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহযোগিতাকে বৃদ্ধি করা।

বৈঠক চলাকালীন তিন পক্ষ, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিশেষ করে COVID-19 অতিমারি প্রসঙ্গে অর্থনৈতিক এবং ভূকৌশলগত চ্যালেঞ্জ এবং সহযোগিতা ও COVID-19 এর দেশীয় স্তরে মোকাবিলার উপরে আলোচনা করেছেন। আসিয়ান(এএসইএএন), আইওরা (আইওআরএ) এবং ভারত মহাসাগরীয় আয়োগের মত আঞ্চলিক প্রতিষ্ঠান সমূহের মাধ্যম সহ ত্রিপাক্ষিক এবং আঞ্চলিক স্তরে বাস্তবিক সহযোগিতার জন্য বিশ্বব্যাপী সামুদ্রিক সাধারণ এবং সম্ভাবনাপূর্ণ এলাকার সহযোগিতার উপরেও আলোচনা হয়েছে। বহুপাক্ষিকতাকে মজবুত এবং সংস্কার করার জন্য সর্বোত্তম উপায় সহ তিন দেশের মধ্যে আঞ্চলিক এবং বিশ্বব্যাপী বহুমাত্রিক প্রতিষ্ঠানগুলির অগ্রগণ্যতা, চ্যালেঞ্জসমূহ এবং প্রবণতা নিয়েও আলোচনায় মত বিনিময় হয়েছে।

এই ফলপ্রসূ বৈঠক, তিনটি দেশের প্রত্যেকের সাথে বিতরিত শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্ক গঠনে এবং শান্তিপূর্ণ, সুরক্ষিত, সমৃদ্ধশালী এবং নিয়মনিষ্ঠ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সুনিশ্চিত করতে তাদের নিজ নিজ ক্ষমতাকে একত্রিত করার উদ্দেশ্যে অনুষ্ঠিত হয়েছিল। প্রতি বছর বৈঠকের আয়োজন করার জন্য তিনপক্ষ সহমত হয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 09,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.